

পশ্চিমবঙ্গ সরকারের আলু সংগ্রহ প্রকল্পের অধীনে হিমঘরগুলিতে কুইন্টাল প্রতি ন্যূনতম ৯৫০ টাকা দরে আলু সংগ্রহের কাজ চলছে।

বহুসংখ্যক হিমঘর সমবায়ের মাধ্যমে সকল জেলায় আলু সংগ্রহের প্রক্রিয়া চালু করা হয়েছে এবং কিছু বেসরকারি হিমঘর ইতিমধ্যেই এই প্রক্রিয়ার অধীনে কাজ করতে শুরু করে দিয়েছে। আলুর ফলন ওঠার সঙ্গে সঙ্গে সংগ্রহের কাজ বৃদ্ধি পাবে।

২) মজুতের জন্য পর্যাপ্ত স্থান রয়েছে। ২০২৬ সালের ১০ মার্চ পর্যন্ত মোট ৮২ লক্ষ মেট্রিক টন মজুত-ক্ষমতার মধ্যে শতকরা ১২ ভাগ ব্যবহার করা হয়েছে।

৩) আলু মজুতের কাজ মসৃণ ভাবে সম্পন্ন করা হচ্ছে এবং সেই কাজের তত্ত্বাবধান করা হচ্ছে ব্লক ও রাজ্য-স্তরে। রাজ্য সরকার ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জন্য আলু মজুতের ৩০ শতাংশ স্থান সংরক্ষিত রাখার বিজ্ঞপ্তি জারি করেছে। আগ্রহী কৃষকেরা এই সুযোগ গ্রহণ করছেন।

৪) উপরন্তু ন্যূনতম সংগ্রহ মূল্যে 'সুফল বাংলা' সকল জেলায় আলু সংগ্রহ করছে।